গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১১৭.৩৬.০৩০.১২-১৮৯ | তারিখ : ২৫-০৪-২০২৪ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-১১২, তারিখ : ০৪/০২/২০১৬ মোতাবেক রাজস্ব খাতভুক্ত বৃত্তির সংখ্যা/কোটা ও টাকার পরিমাণ পুনঃনির্ধারণ সংক্রান্ত আদেশের পরিপ্রেক্ষিতে এবং দেশের ০৯টি আঞ্চলিক অফিস হতে প্রাপ্ত তথ্যের আলোকে চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে ১২ (বার) মাসের জন্য **৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি** পর্যন্ত নিয়মিত অধ্যয়নরত সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) শিক্ষার্থীদের উপবৃত্তিসমূহ নিম্নে উল্লিখিত শর্ত মোতাবেক অঞ্চল ভিত্তিক কোটা বণ্টন করা হলো :

**নির্ধারিত কোটা অনুযায়ী ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণিতে নিয়মিত অধ্যয়নরত সংখ্যালঘু সম্প্রদায়ের শিক্ষার্থী অনুপাতে অঞ্চল ভিত্তিক প্রাপ্য উপবৃত্তির কোটা বণ্টন বিবরণী :**

| অঞ্চলের নাম | তফসিলী (হিন্দু) | বৌদ্ধ | খ্রীস্টান | সশস্ত্র বাহিনী | দৃষ্টি প্রতিবন্ধী (৬ষ্ঠ-৮ম) | দৃষ্টি প্রতিবন্ধী (৯ম-১০ম) | প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত) | অটিস্টিক | উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ৭৫৫ | ১ | ৬ | ৫ | ১০ | ২ | ১৬ | ২ | ৫ |
| ময়মনসিংহ | ২৬৮ | ০ | ৮৮ | ২ | ১৩ | ১২ | ১২ | ০ | ৪৮ |
| কুমিল্লা | ৫৫ | ১৯ | ১ | ৮ | ২ | ০ | ৭ | ২ | ০ |
| চট্টগ্রাম | ৭০১ | ৩০৪ | ০ | ২২০ | ৩ | ০ | ৫ | ২ | ২৮ |
| সিলেট | ২২৭ | ০ | ১৭ | ৮৯ | ২ | ০ | ১৯ | ১ | ১৭৪ |
| রাজশাহী | ৬০৮ | ১ | ১১৮ | ১০ | ২৪ | ০ | ২০ | ৬ | ১০৪ |
| রংপুর | ২২৫ | ০ | ১৫ | ১৮ | ১ | ০ | ১০ | ০ | ১১ |
| খুলনা | ১১১৯ | ০ | ১৭ | ৩৩ | ১৭ | ০ | ৩৯ | ২ | ৯ |
| বরিশাল | ৫৪২ | ১ | ৮ | ১৫ | ১২ | ৮ | ৯ | ০ | ১ |
| মোট= | ৪৫০০ | ৩২৬ | ২৭০ | ৪০০ | ৮৪ | ২২ | ১৩৭ | ১৫ | ৪০০ |

- তফসিলী (হিন্দু), সশস্ত্র বাহিনী, বৌদ্ধ, খ্রীষ্টান, উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) উপবৃত্তির মাসিক হার (৬ষ্ঠ-১০ম) = ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা।
- দৃষ্টি প্রতিবন্ধী উপবৃত্তির মাসিক হার (৬ষ্ঠ-৮ম) = ৩৭৫/-(তিনশত পঁচাত্তর) টাকা।
- দৃষ্টি প্রতিবন্ধী উপবৃত্তির মাসিক হার (৯ম-১০ম) = ৪৫০/-(চারশত পঞ্চাশ) টাকা।
- প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত) এবং অটিস্টিক উপবৃত্তির মাসিক হার (৬ষ্ঠ-১০ম) = ৩৭৫/- (তিনশত পঁচাত্তর) টাকা।
- উল্লিখিত উপবৃত্তিসমূহের হার শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-১১২, তারিখ: ০৪/০২/২০১৬ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী অনুসরণীয়।

## শর্তাবলী :

০১. এই উপবৃত্তিসমূহের মেয়াদ ১২ মাস বা ০১ বছর যা ২০২৪ শিক্ষাবর্ষে নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য হবে;
০২. নীতিমালার শর্তাবলী পালন সাপেক্ষে গঠিত কমিটি কর্তৃক অনুমোদিত ও বাছাইকৃত উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা নির্ধারণ করতে হবে;
০৩. উপবৃত্তির নীতিমালা অনুসরণপূর্বক উল্লিখিত বণ্টন মোতাবেক আগামী ০২/০৫/২০২৪ তারিখের মধ্যে উপবৃত্তির গেজেট প্রকাশ এবং প্রকাশিত গেজেটের সফট কপি ই-মেইলে (dshe.stipend@gmail.com) এবং হার্ড কপি মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করতে হবে।

MIS সফটওয়ারে তথ্য এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয় :

০১. শিক্ষার্থীগণ নিয়মিত ও ধারাবাহিকভাবে অধ্যয়নরত রয়েছে নিশ্চিত হয়ে তথ্য এন্ট্রি করা;
০২ পাঠ বিরতী রয়েছে এরুপ শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করা যাবে না;
০৩. বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত যেকোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে / ১৮ বছরের নিচে শিক্ষার্থীদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে;
০৪. যৌথ নামে ব্যাংক হিসাব খোলা হলে MIS-এ তথ্য এন্ট্রির ক্ষেত্রে যৌথ নামই উল্লেখ করতে হবে;
০৫. শিক্ষার্থীর একক/যৌথ নামের হিসাব নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কোন ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না;
০৬. শিক্ষার্থীর নাম ও ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
০৭. অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;
০৮. বিকাশ, শিউর ক্যাশ নগদসহ এ ধরণের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান করা যাবে না;
০৯. শিক্ষার্থীর সর্বশেষ পরীক্ষার নাম ও সাল, রেজিষ্ট্রেশন নম্বর, প্রাপ্ত জিপিএ সঠিকভাবে পূরণ করতে হবে;
১০. শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর, ব্যাংক ও শাখার নাম, রাউটিং নম্বর নির্ভুলভাবে এন্ট্রি করতে হবে;
১১. শিক্ষার্থীর প্রদত্ত ব্যাংক হিসাবটি অবশ্যই সচল (Active) থাকতে হবে;
১২. শিক্ষার্থীদের তথ্য MIS Software-এ যথাযথভাবে এন্ট্রি হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য দুই জন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে;
১৩. **তথ্য এন্ট্রির ক্ষেত্রে ভুল বা অনিয়মের কারণে শিক্ষার্থীর অর্থ প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট অঞ্চলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ দায়ী থাকবেন;**
১৪. **অঞ্চলের USER ID এবং Password ব্যতীত শিক্ষার্থীর প্রতিষ্ঠান বা অন্য কোন আইডি থেকে MIS Software-এ শিক্ষার্থীর তথ্য এন্ট্রি দিলে উপবৃত্তির টাকা পাবে না;**
১৫. **নির্ধারিত কোটার অতিরিক্ত কোন শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করা যাবে না;**
১৬. তথ্য এন্ট্রি দেয়ার সময়সীমা : **০৯/০৫/২০২৪ খ্রি. পর্যন্ত।**

**তথ্য পুরণ এর জন্য লিংক নিম্নরুপ :**

# DSHE Scholarship MIS এর URL (লিংক) : **scholarship.dshe.gov.bd/DSHE-MIS/login**

স্বাক্ষরিত/-
(প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ও
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)

প্রাপক :
উপ-পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল অঞ্চল।

স্মারক নং-৩৭.০২.০০০০.১১৭.৩৬.০৩০.১২-১৮৯/৮ | তারিখ : ২৫-০৪-২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
০৩. পরিচালক, কলেজ ও প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/মাধ্যমিক/অর্থ ও ক্রয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
০৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস-সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
**"৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি পর্যন্ত নিয়মিত অধ্যয়নরত সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) শিক্ষার্থীদের ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য উপবৃত্তির কোটা বণ্টনের অফিস আদেশ"** শিরোনামে পত্রটি মাউশি'র ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)
০৬. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৭. সংরক্ষণ নথি।

25.04.2024

(কামরুন নাহার-০১৫৯১৪)
সহকারি পরিচালক (একিউএইউ)
এক্সেস এন্ড কোয়ালিটি এশুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং
ফোন : ৯৫৮০০১৭

C:\Users\DD(AQAU)\Desktop\Desktop 01-03-22\সাইফুল ভাই\তফসীলি উপবৃত্তি\Tophshili23-24\nikosh folder kota bantan\ডিডি\nikos fc kota bantan২৩-২৪-৩ vi-x.doc